**AKASHVANI KOLKATA**
**Regional News Unit**

**Date: 05.07.2026** | **Desk in Charge : Susmita M.**
**Time: 7-50 PM** | **Edit. & Compile. : Sankar M.**
**DEO: KB** | **NRT : Susmita Sen**

বিশেষ বিশেষ খবরঃ-

১/ একমাত্র যোগ্যরাই অন্নপূর্ণা যোজনার টাকা পাবেন বলে, রাজ্য সরকার আবারো জানিয়েছে।

২/ ভারত কেশরী ডক্টর শ্যামাপ্রসাদ মুখার্জির ১২৫-তম জন্মবার্ষিকী উদযাপনের জন্য আগামীকাল রাজ্য জুড়ে বিভিন্ন কর্মসূচীর আয়োজন করা হয়েছে। # এই উপলক্ষ্যে কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ রাজ্যে আসছেন।

৩/ দক্ষিণ ২৪ পরগণার বারুইপুরের সূর্যপুর হাট এলাকায় এক নাবালিকার রহস্যজনক মৃত্যুর পর গণপিটুনিতে এক অভিযুক্তের মৃত্যু হয়েছে। # চার দুষ্কৃতী মেয়েটিকে অপহরণ করে গণধর্ষণের পর খুন করেছে বলে পরিবারের অভিযোগ।

৪/ রবীন্দ্রনাথের ইন্দোনেশিয়া সফরের শতবর্ষ উপলক্ষ্যে সেদেশে ১৫ মাস ব্যাপী নানা অনুষ্ঠানের আয়োজন করা হচ্ছে বলে জাকার্তায় ভারতীয় রাষ্ট্রদূত সন্দীপ চক্রবর্তী জানিয়েছেন।

৫/ বঙ্গোপসাগরে সৃষ্ট নিম্নচাপটি আরো শক্তি বাড়িয়ে গভীর নিম্নচাপে রূপান্তরিত হওয়ায়, আগামী ২৪ ঘণ্টা উপকূলীয় ও পশ্চিমের জেলাগুলিতে ভারী বৃষ্টির পূর্বাভাস।

**********************************************************************

রাজ্যের নারী ও শিশু কল্যাণ দপ্তরের স্বাধীন দায়ইত্বপ্রাপ্ত প্রতিমন্ত্রী মালতি রাভা রায় আবারও জানিয়েছেন যে, যারা যোগ্য একমাত্র তারাই অন্নপূর্ণা যোজনা টাকা পাবেন। কোচবিহারে একটি অনুষ্ঠানে অংশ নিয়ে তিনি বলেন, যাদের নাম বাতিল করা হয়েছে তাদের বাড়িতে বাড়িতে গিয়ে সার্ভে করা হবে , সার্ভের পরে যোগ্য প্রাপক ঠিক করা হবে। তিনি বলেন, রাজ্যের সরকার ক্ষমতায় আসার কয়েকদিনের মধ্যেই প্রায় এক লক্ষ ৩৭ হাজার মহিলাকে অন্নপূর্ণা যোজনায় অর্থ দেওয়া হয়েছে। আরো অনেকেই এই যোজনায় অর্থ পাবেন।

****************************

নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে যথোচিত মর্যাদায় আগামীকাল, রাজনীতিবিদ, শিক্ষাবিদ শ্যামাপ্রসাদ মুখার্জির ১২৫-তম জন্মবার্ষিকী উদযাপিত হবে। স্বাধীন ভারতের প্রথম শিল্পমন্ত্রী ও জনসংঘের প্রতিষ্ঠাতা শ্যামাপ্রসাদ মুখার্জির জন্মদিনে রাজ্য সরকার, আগামীকাল ছুটি ঘোষণা করেছে। এই উপলক্ষে রাজ্য জুড়ে বিভিন্ন কর্মসূচি পালন করা হবে। রাজ্য সরকারের পাশাপাশি বিভিন্ন সংস্থা সংগঠন ও বিজেপির পক্ষ থেকে তাঁর প্রতি শ্রদ্ধা জানাতে নানা অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। পুরভবনে কলকাতা পুরসভার উদ্যোগে আয়োজিত অনুষ্ঠানে শ্রদ্ধা জ্ঞাপন করবেন বিশিষ্ট জনেরা।

শ্যামাপ্রসাদ মুখার্জির জন্মদিন উপলক্ষে আগামীকাল রাজ্যে আসছেন কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ। যোগ দেবেন বিভিন্ন অনুষ্ঠানে। বিজেপি সূত্রে জানা গেছে, দুপুরে দিল্লি থেকে রওনা হয়ে কলকাতায় নিউটাউনের ইকো পার্কে শ্যামাপ্রসাদ মুখোপাধ্যায়ের ১২৫ ফুট মূর্তি নির্মাণের জন্য ভূমিপূজো অনুষ্ঠানে যোগ দেবেন তিনি। বিকেলে ভবানীপুরে শ্যামাপ্রসাদ মুখোপাধ্যায়ের পৈত্রিক বাসভবনে শ্যামাপ্রসাদ মুখার্জীর প্রতি শ্রদ্ধা জানাবেন কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী। সন্ধ্যায় বিশ্ববাংলা মেলা প্রাঙ্গণে রাজ্যস্তরের একটি অনুষ্ঠানে অমিত শাহ-র যোগ দেবার কথা।

****************************

দক্ষিণ ২৪ পরগণার বারুইপুরের ধপধপি- দু-নম্বর গ্রাম পঞ্চায়েতের সূর্যপুর হাট এলাকায় বছর বারোর এক নাবালিকার মৃত্যুর ঘটনায়, স্থানীয়দের বিক্ষোভের জেরে গণপিটুনিতে এক অভিযুক্তের মৃত্যু হয়েছে। এই ঘটনায় পুলিশ ঘটনার তদন্ত শুরু করেছে।
জানা গেছে, গতকাল বিকেলে খাবার কেনার কথা বলে বাড়ি থেকে বেরিয়ে ওই নাবালিকা নিখোঁজ হয়ে যায়। একটি পুকুর থেকে আজ সকালে তার দেহ উদ্ধার হয়। পরিবারের অভিযোগ, চার ব্যক্তি ওই নাবালিকাকে অপহরণ করে ধর্ষণের পর খুন করেছে।
ঘটনার প্রতিবাদে ক্ষুব্ধ এলাকাবাসী ও পরিবারের সদস্যরা দেহ আটকে রেখে রাস্তা অবরোধ করেন এবং অভিযুক্তদের দ্রুত গ্রেফতার ও কঠোর শাস্তির দাবি জানান।

****************************

কলকাতার আনন্দপুর এলাকার ত্রাস গুলশন কলোনীর মহম্মদ ফিরোজ খান ওরফে মিনি ফিরোজকে তার সঙ্গী সহ গ্রেপ্তার করা হয়েছে। তার বিরুদ্ধে অস্ত্র আইন সহ ৩৭ টি মামলা রুজু হয়েছিল। সেই মামলাতেই এই গ্রেপ্তারি।

****************************

প্রতিবাদী শিক্ষক বরুণ বিশ্বাসের হত্যার সঠিক তদন্ত অবশ্যই প্রয়োজন এবং রাজ্য সরকার এর সঠিক বিচার করবেই বলে কেন্দ্রীয় শিক্ষা প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার দাবী করেছেন। মূল অভিযুক্ত, রাজ্যের প্রাক্তন মন্ত্রী জ্যোতিপ্রিয় মল্লিক, তৃণমূল কংগ্রেস ছেড়ে অন্য দলে যোগ দিলেও, সরকার তাঁর বিরুদ্ধে ব্যবস্থা নেবেই বলে শ্রী মজুমদার জানিয়েছেন। আজ সকালে কামারহাটিতে এক রক্তদান শিবিরে তিনি একথা বলেন।

****************************

কোচবিহারের মধ্য শীতলখুচির দাস পাড়া এলাকায় আবাস যোজনার কাট মানির টাকা ফেরত চাওয়াকে কেন্দ্র করে আজ উত্তেজনা ছড়ায়। তৃণমূল কংগ্রেসের প্রাক্তন পঞ্চায়েত সদস্য বাবলু বর্মণের বাড়িতে, কয়েকজন গ্রামবাসী টাকা ফেরতের দাবি নিয়ে যান বলে অভিযোগ। প্রথমে বচসা, পরে তা’ থেকে হাতাহাতি শুরু হয়ে যায়। ঘটনায় বাবলু বর্মণের ছেলে জখম হলে, তাকে প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রে ভর্তি করা হয়। শীতলখুচি থানার পুলিশ ঘটনাস্থলে পৌঁছে পরিস্থিতি সামাল দেয়।

**************************

বাগিচা শ্রমিকদের কল্যাণে রাজ্য সরকার ‘প্রধানমন্ত্রী চা শ্রম উৎসাহ প্রকল্প’ চালু করতে চলেছে। মুখ্য সচিব মনোজ আগরওয়ালের সভাপতিত্বে গতকাল বাগিচা শ্রমিকদের উন্নয়নের লক্ষ্যে আয়োজিত এক বৈঠকে এই সিদ্ধান্ত হয়। মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী আজ সমাজমাধ্যমে জানিয়েছেন, এই প্রকল্পে ৩১৩ কোটি ৩০ লক্ষ টাকা বরাদ্দ করা হয়েছে। এর মধ্যে শ্রমিকদের শিক্ষা খাতে- ১৭৭ কোটি, স্বাস্থ্য সুরক্ষায়- ৭২ কোটি এবং শ্রমিকদের আশ্রয় যোজনায়- ৬৩ কোটি টাকা বরাদ্দ করা হয়েছে। এই প্রকল্পের মাধ্যমে উত্তরবঙ্গ উন্নয়ন দপ্তর, অন্যান্য দপ্তরের সঙ্গে সমন্বয়ে সৌর বিদ্যুৎ, বিশুদ্ধ পানীয় জল, শৌচাগার সহ পাহাড়ি এলাকায় ৮৮টি প্রকল্প এবং সমতলে ২৩৩টি বিশ্রামাগার তৈরি করবে বলে মুখ্যমন্ত্রী জানান।

**************************

রবীন্দ্রনাথের ইন্দোনেশিয়া সফরের শতবর্ষ উপলক্ষ্যে সেদেশে ১৫ মাস ব্যাপী বিভিন্ন অনুষ্ঠানের আয়োজন করা হচ্ছে। ১৯২৭ সালের ১২’ই জুলাই কলকাতা থেকে রওনা দিয়ে আগস্ট মাসে কবি জাকার্তায় পৌঁছান। প্রায় তিন মাস তিনি ইন্দোনেশিয়ার বিভিন্ন শহর ভ্রমণ করেন। এই অঞ্চলে প্রাচীন ভারতীয় শিল্প সংস্কৃতির যোগ সূত্র খুঁজে দেখা এবং বিশ্ব ভারতীর জন্য তহবিল সংগ্রহ ছিল, তাঁর এই সফরের মূল উদ্দেশ্য।

রবীন্দ্রনাথের এই ইন্দোনেশিয়া সফরের স্মরণীয় করে রাখতে ভারত ও ইন্দোনেশিয়া একাধিক উদ্যোগ নিয়েছে বলে, জাকার্তায় ভারতীয় রাষ্ট্রদূত সন্দীপ চক্রবর্তী, আকাশবাণীর সংবাদদাতা সন্দীপন দাশগুপ্তকে জানিয়েছেন।

( বাইট- সন্দীপ চক্রবর্তী )

**************************

কোন জাতি ও দেশের সামগ্রিক উন্নতিতে সাহায্য করবে, এমন সঠিক তথ্য মানুষের কাছে পৌঁছে দেওয়াই সাংবাদিকদের প্রধান শর্ত বলে রাজ্যপাল R N রবি মন্তব্য করেছেন।
সাংবাদিকতায় বিশেষ কৃতিত্বের জন্য ‘নারদ সম্মান’ প্রদান অনুষ্ঠানে রাজ্যপাল বলেন, প্রাচীন ভারতে দেবর্ষি নারদ, জনসংযোগের প্রথম পথের সূচনা করেছিলেন।

( বাইট- রাজ্যপাল )

রাজ্যের মন্ত্রী কল্যাণ চক্রবর্তী, নারদ মুনিকে 'বিশ্ব বার্তা বাহক' হিসেবে বর্ননা করে বলেন, আগামী দিনের সাংবাদিকরা এরকম'ই নির্ভীক ও সত্যদৃষ্ট সংবাদ পরিবেশন করবেন বলে তিনি আশাবাদী।

'বিশ্ব সংবাদ কেন্দ্র দক্ষিণবঙ্গে'র তরফে পাঁচজন সাংবাদিক- ভজনলাল গঙ্গোপাধ্যায়, রথীন্দ্রমোহন বন্দ্যোপাধ্যায়, বিজয় আঢ্য, রবীন্দ্রনাথ দত্ত এবং রঞ্জিত রায়কে 'জীবনকৃতি' পুরস্কার এবং আকাশবাণীর সংবাদ পাঠক প্রবীর ভট্টাচার্য সহ ১২ জন সাংবাদিককে 'নারদ সম্মান'-এ ভূষিত করা হয়।

***************************

উত্তর-পশ্চিম বঙ্গোপসাগরে সৃষ্ট নিম্নচাপটি আরও শক্তি বাড়িয়ে গভীর নিম্নচাপে পরিণত হয়েছে। এখন তা ওড়িশা ও পশ্চিমবঙ্গ উপকূলের কাছে অবস্থান করছে। আগামী ২৪ ঘণ্টায় এটা ওড়িশার বালাসরের কাছাকাছি এলাকা দিয়ে স্থলভাগে প্রবেশ করবে এবং পশ্চিম উত্তর-পশ্চিম দিকে উত্তর ওড়িশা ও উত্তর ছত্রিশগড়ের দিকে অগ্রসর হবে বলে আলিপুর আবহাওয়া দপ্তরের বিজ্ঞানী ডঃ সৌরিশ বন্দোপাধ্যায় আকাশবাণীকে জানিয়েছেন।

( বাইট -ডঃ সৌরিশ বন্দোপাধ্যায় )

মৎস্যজীবীদের সাত তারিখ পর্যন্ত সমুদ্রে যেতে নিষেধ করা হয়েছে।

***************************

পুরুলিয়ার ঝালদা ১ নম্বর ব্লকের হেঁসাহাতু অঞ্চলের তানাসি গ্রামে আজ প্রচন্ড ঝড় বৃষ্টির মধ্যে বাজ পড়ে মৃত্যু হল একজনের। বৃষ্টির সময় আজ বাজ পড়লে গুরুতর আহত হন মোহিত মাঝি নামে এক ব্যক্তি। ঝালদা ব্লক প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্র নিয়ে যাওয়া হলে কর্তব্যরত চিকিৎসকেরা মোহিতকে মৃত ঘোষণা করেন। দীপিকা মাঝি নামে জখম আরো একজন চিকিৎসাধীন।

***************************

শিলিগুড়ি মেট্রোপলিটন পুলিশের ট্রাফিক বিভাগের উদ্যোগে পুলিশ কমিশনারেট এলাকায় আজ আনুষ্ঠানিকভাবে চালু হলো অত্যাধুনিক ট্রাফিক মার্শাল পরিষেবা। একই সঙ্গে রাজ্যে

আগত দেশি-বিদেশি পর্যটকদের নিরাপত্তা ও সুবিধার কথা মাথায় রেখে চালু করা হয়েছে ২৪ ঘণ্টার টুরিস্ট হেল্পলাইন নম্বর। শিলিগুড়ির মল্লাগুড়িতে এই উপলক্ষ্যে আয়োজিত এক অনুষ্ঠানে পরিষেবার আনুষ্ঠানিক উদ্বোধন করেন রাজ্যের পর্যটনমন্ত্রী শংকর ঘোষ।

**********************************************************************